৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

**ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

ডিএমডি সার্কুলার লেটার নং- ১১/২০২৫

১৭ আষাঢ় ১৪৩২
তারিখ: ---------------------
০১ জুলাই ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**সঞ্চয় স্কিমসমূহের মুনাফার হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক জারিকৃত "জাতীয় সঞ্চয় স্কিম"সমূহের জুলাই-ডিসেম্বর, ২০২৫ সময়ের জন্য বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার হার পুনঃনির্ধারণ সংক্রান্ত ৩০ জুন, ২০২৫ তারিখের ০৮.০০.০০০০.০০০.০৪১.২২.০০০৬.২০.৮৫ নং প্রজ্ঞাপনটি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। **বিশেষভাবে উল্লেখ্য, এ আদেশ ০১ জুলাই, ২০২৫ তারিখ থেকে কার্যকর হবে।**

আপনাদের বিশ্বস্ত,

(ইস্তেকমাল হোসেন)
পরিচালক (ডিএমডি)
ফোন: ৯৫৩০১৩১

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

Bangladesh Bank
Head Office, Dhaka.
Debt Management Department
Director (DMD)
01 JUL 2025
Additional Director-1. 2. 3. 4. 5
System Generated No-...1906

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৮.০০.০০০০.০০০.০৪১.২২.০০০৬.২০.৮৫

## প্রজ্ঞাপন

জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত 'জাতীয় সঞ্চয় স্কীম'সমূহের 'জুলাই-ডিসেম্বর', ২০২৫ সময়কালের জন্য বিনিয়োগের শ্রেণিসীমার ভিত্তিতে দুই ধাপে (৭.৫০ লক্ষ টাকা ও এর নিম্নে এবং ৭.৫০ লক্ষ টাকার উর্ধ্বে নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হইলো:

| ক্রম | 'জাতীয় সঞ্চয় স্কীম' এর নাম | মেয়াদ | ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ এর পরিমাণ: | |
|---|---|---|---|---|
| | | | ৭.৫০ লক্ষ টাকা ও এর নিম্নের বিনিয়োগের ক্ষেত্রে: | ৭.৫০ লক্ষ টাকার উর্ধ্বে বিনিয়োগের ক্ষেত্রে: |
| | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | |
| ০১। | ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৭৪ | ৯.৭২ |
| | | ২য় বছরান্তে | ১০.২১ | ১০.১৯ |
| | | ৩য় বছরান্তে | ১০.৭২ | ১০.৭০ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.২৬ | ১১.২৩ |
| | | ৫ম বছরান্তে | ১১.৮৩ | ১১.৮০ |
| ০২। | ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ১০.৬৫ | ১০.৬০ |
| | | ২য় বছরান্তে | ১১.২২ | ১১.১৬ |
| | | ৩য় বছরান্তে | ১১.৮২ | ১১.৭৭ |
| ০৩। | পেনশনার সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৮৪ | ৯.৭২ |
| | | ২য় বছরান্তে | ১০.৩২ | ১০.১৯ |
| | | ৩য় বছরান্তে | ১০.৮৪ | ১০.৭০ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.৩৯ | ১১.২৩ |
| | | ৫ম বছরান্তে | ১১.৯৮ | ১১.৮০ |
| ০৪। | পরিবার সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৮১ | ৯.৭২ |
| | | ২য় বছরান্তে | ১০.২৯ | ১০.১৯ |
| | | ৩য় বছরান্তে | ১০.৮০ | ১০.৭০ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.৩৫ | ১১.২৩ |
| | | ৫ম বছরান্তে | ১১.৯৩ | ১১.৮০ |
| ০৫। | ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদী হিসাব | ১ম বছরান্তে | ১০.৬৫ | ১০.৬০ |
| | | ২য় বছরান্তে | ১১.২২ | ১১.১৬ |
| | | ৩য় বছরান্তে | ১১.৮২ | ১১.৭৭ |

০২। মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রে উপরে উল্লিখিত ছকে বর্ণিত বছরভিত্তিক হারে মুনাফা প্রাপ্য হইবে;

০৩। পূর্বের বিনিয়োগের পরিমাণসহ ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ (এক বা একাধিক স্কীমে মোট বিনিয়োগের সমষ্টি) বিবেচনাপূর্বক উভয় ধাপে (৭.৫০ লক্ষ টাকা ও এর নিম্নে এবং ৭.৫০ লক্ষ টাকার উর্ধ্বে) বিনিয়োগসীমার ভিত্তিতে প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হইবে;

০৪। 'জাতীয় সঞ্চয় স্কীম' এর আওতায় ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এবং ডাকঘর সঞ্চয় ব্যাংক সাধারণ হিসাব – এ ৪টি স্কীমের মুনাফা হার অপরিবর্তিত থাকিবে;

০৫। **এ আদেশ ০১ জুলাই ২০২৫ তারিখ হইতে কার্যকর হইবে।** ০১ জুলাই ২০২৫ তারিখের পূর্বে ইস্যুকৃত সকল 'জাতীয় সঞ্চয় স্কীম' এর ক্ষেত্রে ইস্যুকালীন মেয়াদে, ইস্যুকালীন সময়ের মুনাফার হার প্রযোজ্য হইবে। তবে, পুনঃবিনিয়োগের ক্ষেত্রে পুনঃবিনিয়োগের তারিখের মুনাফার হার প্রযোজ্য হইবে।

০৬। এ আদেশ জারি হওয়ার ০৬ (ছয়) মাস পর জাতীয় সঞ্চয় স্কীম-এ বিনিয়োগের মুনাফার হার পুনরায় নির্ধারণ করা হইবে; তবে

বিনিয়োগকারী, ইস্যুকালীন সময়ে বিদ্যমান মুনাফার হার, বিনিয়োগকালের পুর্ণ মেয়াদের জন্য প্রাপ্য হইবেন; অর্থাৎ যেই মেয়াদের জন্য তাহা ইস্যু করা হইয়াছিলো, সেই মেয়াদ শেষ হওয়া পর্যন্ত একই হারে মুনাফা প্রাপ্য হইবেন;

০৭। জনস্বার্থে এ আদেশ জারি করা হইলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩০-০৬-২০২৫
মো: মোবারক হোসেন
সহকারী সচিব
savings.ird@gmail.com

নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৪১.২২.০০০৬.২০.৮৫/১ (১৫)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৮। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
৯। জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১০। পরিচালক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১২। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।
১৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৫। যুগ্মসচিব (সঞ্চয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

৩০-০৬-২০২৫
মো: মোবারক হোসেন
সহকারী সচিব